

## Model Activity Task 2022 January

### Class 8| History | Part-1

মডেল অ্যাক্টিভিটি টাস্ক-২০২২| জানুয়ারী

অষ্টম শ্রেণী | ইতিহাস | পার্ট -১ |

পূর্ণমান- ২০

১. শূনস্থান পূরণ কর:

(ক) গুরঙ্গজেবের মৃত্যু হয় 1707 খ্রিস্টাব্দে।

(খ) পলাশির যুদ্ধ হয় 1757 খ্রিস্টাব্দে।

(গ) রাজাবলি বইটি লিখেছিলেন মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার।

২. ঠিক বা ভুল নির্ণয় কর :

(ক) উইলিয়ম ওয়েডারবার্ন-এর জীবনী লিখেছেন অ্যালান অক্টোভিয়ান হিউম।

উত্তর: ভুল

(খ) ১৯৩৮ খ্রিস্টাব্দে সুভাষচন্দ্র বসু কংগ্রেস-সভাপতির পদ ত্যাগ করেছিলেন।

উত্তর: ঠিক

(গ) আধুনিক ইতিহাসের অন্যতম উপাদান ফোটোগ্রাফ।

উত্তর: ঠিক

৩. স্তম্ভ মেলাও :

উত্তর:

ক-স্তম্ভ

খ-স্তম্ভ

বাংলার নবাব	সিরাজ উদ-দৌলা
দিল্লি সুলতান	রাজিয়া
মুঘল সম্রাট	আকবর

#### ৪. অতি সংক্ষেপে উত্তর দাও (একটি-দুটি বাক্য) :

(ক) সাম্রাজ্যবাদ কাকে বলে?

**উত্তর:** ঊনবিংশ শতকের মাঝামাঝি সময় থেকে ইউরোপের বৃহৎ এবং শিল্পোন্নত দেশগুলি এশিয়া এবং আফ্রিকায় উপনিবেশ স্থাপনের জন্য এক তীব্র প্রতিযোগিতায় অবতীর্ণ হয়েছিল। এই ঘটনাই সাম্রাজ্যবাদ নামে পরিচিত ছিল।

(খ) সাঁওতাল বিদ্রোহের দুজন নেতার নাম লেখ।

**উত্তর:** সাঁওতাল বিদ্রোহের দুজন নেতার নাম হলো সিধু ও কানছ।

(গ) জেমস মিল ভারতের ইতিহাসকে কোন তিনটি ভাগে ভাগ করেছেন?

**উত্তর:** জেমস মিল ভারতের ইতিহাস কে যে তিনটি ভাগে ভাগ করেছেন সেগুলি হল- হিন্দু যুগ, মুসলিম যুগ ও ব্রিটিশ যুগ।

#### ৫. নিজের ভাষায় লেখ (তিন-চারটি বাক্য) :

‘History of British India’ কে, কবে লিখেছিলেন? বইটি লেখার উদ্দেশ্য কী ছিল?

**উত্তর:** ১৮১৭ খ্রিস্টাব্দে History Of British India নামে ভারতের ইতিহাস লেখেন জেমস মিল। বইটা লেখার মূল উদ্দেশ্য ছিল ভারতের অতীত কথাকে এক জায়গায় জড়ো করা। যাতে সেটা পড়ে ভারত বর্ষ বিষয়ে সাধারণ ধারণা পেতে পারে ব্রিটিশ প্রশাসনে যুক্ত বিদেশীরা। কারণ, যে দেশ ও দেশের মানুষকে শাসন করতে হবে, সেই দেশের ইতিহাসটা জানা প্রয়োজন।